www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



কোর্স

## উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ে কৃষি বিজ্ঞানের ডিগ্রি কোর্স

উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় অ্যাগ্রিকালচার ও হর্টিকালচারের ডিগ্রি কোর্সে ভরতি নিচ্ছে। দু'টি কোর্সের মেয়াদ ৪ বছর। কোর্সগুলি পড়ানো হবে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের দক্ষিণ দিনাজপুরের মাঝিয়ান ও কোচবিহারের পুন্ডিবাড়ি ক্যাম্পাসে। বি.এসসি (অনার্স) ইন অ্যাগ্রিকালচারে সীট : কোচবিহার ক্যাম্পাসে ৬৬টি ও দক্ষিণ দিনাজপুরে ৩০টি। বি.এসসি (অনার্স) ইন হর্টিকালচার পড়ানো হবে শুধুমাত্র কোচবিহার ক্যাম্পাসে। সীট : ২০টি।

**শিক্ষাগত যোগ্যতা :** মোট অন্তত ৬০% (তপশিলী, দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০%) নম্বর পেয়ে বিজ্ঞান শাখার উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে বিষয় হিসাবে থাকতে হবে ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বা, অ্যাগ্রিকালচার বা, হর্টিকালচার বা, ভোকেশনাল অ্যাগ্রিকালচার বা, ভোকেশনাল হর্টিকালচার। ভোকেশনাল শাখার ক্ষেত্রে মোট অন্তত ৬০%, (তপশিলী ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০%) নম্বর নিয়ে অ্যাগ্রিকালচার বা, হর্টিকালচার শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। অন্যতম বিষয় হিসাবে অবশ্যই থাকতে হবে ক্রপ প্রোডাকশন বা, ক্রপ ম্যানেজমেন্ট বা, প্লান্ট ম্যানেজমেন্ট। বয়স হতে হবে ১-৬-২০১৮'এর হিসাবে অন্তত ১৬ বছর। বয়সের কোনো উচ্চসীমা নেই। অনলাইনে আবেদন করতে হবে ২৯ জুনের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে www.ubkv.ac.in অনলাইনে আপলোড করতে হবে এইসব বিষয় : (১) সদ্য তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো, (২) বয়সের প্রমাণপত্র হিসাবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল, (৩) শিক্ষাগত যোগ্যতার স্বপ্রত্যয়িত নকল, (৪) সংরক্ষিত হলে তার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল, (৫) প্রার্থীর স্থায়ী বাসিন্দা সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ফী বাবদ অনলাইনে পাঠাতে হবে ১ হাজার টাকা। তপশিলীদের ক্ষেত্রে ২৫০ টাকা। দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে কোনো ফী লাগবে না। অনলাইনে আবেদনপত্র ঠিকঠাকভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ-করা দরখাস্তের ১ কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওয়েবসাইটে।

## স্বাস্থ্যবিজ্ঞানের ডিপ্লোমা কোর্স

কেন্দ্রীয় সরকারের অধীন অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ হাইজিন ও পাব্লিক হেল্থ (কলকাতা) স্বাস্থ্য সংক্রান্ত এই ৩টি ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে : (১) হেল্থ স্ট্যাটিস্টিক্স, (২) ডায়াটেটিক্স, (৩) হেল্থ প্রমোশন ও এডুকেশন। প্রতিটি কোর্স পশ্চিমবঙ্গ স্বাস্থ্য বিশ্ববিদ্যালয় স্বীকৃত।

**হেল্থ স্ট্যাটিস্টিক্স (ডি.এইচ.এস) :** যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। তবে উচ্চমাধ্যমিকে অঙ্ক ও স্ট্যাটিস্টিক্সের মধ্যে একটি বিষয় থাকতে হবে। বয়স হতে হবে ৩০-৬-২০১৮'এর হিসাবে ৩০ বছরের মধ্যে। সংরক্ষিতরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

**ডায়াটেটিক্স (ডিপ. ডায়েট) :** যে কোনো বিশ্ববিদ্যালয় বা, ইনস্টিটিউট স্বীকৃত নার্সিংয়ের বি.এসসি বা, পোস্ট বেসিক বি.এসসি কোর্স পাশরা আবেদন করতে পারেন। এছাড়াও ফিজিওলজি / কেমিস্ট্রি / ক্লিনিক্যাল নিউট্রিশন ও সেইসঙ্গে ডায়াটেটিক্স একটি গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে নিয়ে ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন।

**হেল্থ প্রমোশন অ্যান্ড এডুকেশন (ডি.এইচ.পি.ই) :** যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বায়োলজিক্যাল সায়েন্সেস / সোশ্যাল সায়েন্সেস / আয়ুষ / নার্সিংয়ের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়া অতিরিক্ত যোগ্যতা হিসাবে থাকতে হবে পাব্লিক হেল্থ / হেল্থ এডুকেশন / হেল্থ প্রমোশনে অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা। বয়স হতে হবে ৩০-৬-২০১৮'এর হিসাবে ৫০ বছরের মধ্যে।

প্রতিটি কোর্সের জন্য প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গ স্বাস্থ্য বিশ্ববিদ্যালয় এই পরীক্ষা নেবে ১৫ জুলাই। ৮০ নম্বরের মাল্টিপল অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ের। প্রার্থী বাছাইয়ের ফল বেরোবে ২৭ জুলাই বা, তারপর। প্রার্থীদের অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে হবে ১২ জুলাই থেকে এই ওয়েবসাইটের মাধ্যমে : www.wbuhsexams.in নির্বাচিত প্রার্থীদের মাসে সাড়ে ৭ হাজার টাকা করে স্টাইপেন্ড দেওয়া হবে। অনলাইনে দরখাস্ত করতে হবে ২৯ জুনের মধ্যে। ওপরের ওয়েবসাইটে। প্রার্থীদের বৈধ ই-মেল আই.ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করার আগে যাবতীয় তথ্য দিয়ে নাম নথিভুক্ত করতে হবে। এরপর প্রার্থীরা পাবে একটি ইউনিক পাসওয়ার্ড ও লগ ইন আই.ডি পাবে ই-মেল ও মোবাইল নম্বরের মাধ্যমে। এরপর প্রার্থীরা আই.ডি. ঢুকে অনলাইনে দরখাস্ত করতে পারবেন। এরপর আপলোড করতে হবে সদ্য তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো ও সই। অনলাইন দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে জমা দিতে হবে এইসব নথিপত্র : (১) পরিচয় পত্র, (২) ৩০০০ টাকার ক্রস্ড ডিমান্ড ড্রাফট। ড্রাফট পাঠাবেন 'The West Bengal University of Health Science'এর অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'কলকাতা'। ডিমান্ড ড্রাফটের পিছনে প্রার্থীর নাম ও মোবাইল নম্বর লিখে দেবেন। যাবতীয় প্রমাণপত্র-সহ দরখাস্ত হাতে-হাতে দিতে পারেন ২৯ জুনের মধ্যে নিচের ঠিকানায় বা, রেজিস্টার্ড বা স্পীড পোস্টের পাঠাতে পারেন ২ জুলাইয়ের মধ্যে। ঠিকানা : Office of the controller of Examination, The West Bengal University of Health Sciences, DD 36, Sector-I, Salt Lake City, Kolkata – 700 064.

## রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ে পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স

রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ে সান্ধ্য বিভাগে বাংলা ও ইংরিজি বিষয়ে এম.এ আর ভূগোল ও অঙ্কে এম.এসসি কোর্সে ভরতি নিচ্ছে। ক্লাস শুরু হবে ২১ জুলাই থেকে। গড়ে ৪৫% (তপশিলী জাতি, উপজাতি, ও.বি.সি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০%) নম্বর পেয়ে বাংলা ও ইংরিজিতে ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা বাংলা ও ইংরিজি এম.এ কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। একইভাবে গড়ে অন্তত ৫০% (তপশিলী জাতি, উপজাতি, ও.বি.সি. ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫%) নম্বর পেয়ে ভূগোল ও অঙ্কে বি.এসসি পাশ ছেলেমেয়েরা সংশ্লিষ্ট বিষয়ে এম.এসসি কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন।

প্রার্থী বাছাই করা হবে ডিগ্রি কোর্সে পাওয়া নম্বরের ভিত্তিতে। নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা বেরোবে ১৭ জুলাই, বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইটে : www.raiganjuniversity.ac.in দরখাস্ত করতে হবে অনলাইনে, ২ জুলাইয়ের মধ্যে। ওপরের ওয়েবসাইটে। প্রার্থীদের বৈধ ই-মেল আই.ডি থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার আগে যাবতীয় তথ্য দিয়ে নিজের নাম নথিভুক্ত করতে হবে। এরপর ই-মেল আই.ডি ও মোবাইল নম্বরের মাধ্যমে ইউনিক পাসওয়ার্ড ও আই.ডি পাওয়া যাবে। এরপর প্রার্থীরা পাসওয়ার্ড দিয়ে অনলাইনে দরখাস্ত করতে পারবেন। এরপর সদ্য তোলা পাসপোর্ট মাপের ফটো ও সই আপলোড করতে হবে। তারপর অনলাইনে ৭০০ টাকা ফী জমা দিতে হবে। এরপর প্রার্থীরা অনলাইন অ্যাপ্লিকেশনে ঠিকঠাক তথ্য দিয়েছেন কিনা যাচাই করে নেবেন। তথ্য যাচাইয়ের পর অনলাইনে দরখাস্ত জমা দিতে হবে। বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওয়েবসাইটে।

## হোটেল ম্যানেজমেন্টে চাকরির দিশা দেখাচ্ছে বিএনজি

**নিজস্ব প্রতিনিধি :** দেশে এখন হসপিট্যালিটি ইন্ডাস্ট্রিকে সান রাইস ইন্ডাস্ট্রি হিসাবে ঘোষণা করায় এই ক্ষেত্রে কাজের সুযোগ দিন দিন বাড়ছে। দেশে ২০%-৩০% রাজস্ব এই শিল্প থেকেই আসে। হসপিট্যালিটি ইন্ডাস্ট্রির সবচেয়ে গুরুত্বপূর্ণ ক্ষেত্র হোটেল ম্যানেজমেন্ট, এই কোর্স পড়ে দেশে ও বিদেশে সব জায়গায় চাকরির সমান সুযোগ রয়েছে। বিগত কয়েক বছর ধরে ট্যুরিজম ও হসপিট্যালিটি সেক্টারে হাতে কলমে ট্রেনিং দিয়ে কাজের পথ দেখিয়ে চলেছে বিএনজি। এখানে ট্যুরিজম ও হসপিট্যালিটির ৬ মাস, ১ বছর, ২ বছর ও ৩ বছরের কোর্স পড়ানো হয়। ডিপ্লোমা কোর্সের পাশাপাশি ৬ মাসের স্বল্প মেয়াদি সার্টিফিকেট কোর্স পড়ানো হয় এই ৫টি বিষয়ে : (১) ফুড অ্যান্ড বেভারেজ, (২) ফ্রন্ট অফিস, (৩) হাউস কিপিং, (৪) ফুড প্রোডাকশন ও (৫) বেকারি। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা সার্টিফিকেট কোর্সে ও মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ডিপ্লোমা কোর্সে ভরতি হতে পারেন। থিওরির পাশপাশি নামী হোটেলে 'প্র্যাক্টিক্যাল ট্রেনিং'এ পাঠানো হয়। যেখানে ছেলেমেয়েরা হাতে-কলমে কাজ শেখে ও স্টাইপেন্ড পায়। বিএনজি সংস্থার চেয়ারম্যান বোধাদিত্য পাল জানান, 'হসপিট্যালিটি ক্ষেত্র শ্রমনিবিড় শিল্প হওয়ায় চাকরির অভাব হয় না। ঠিকঠাক পড়াশোনা করলে কোর্স শেষ করে চাকরির জন্য বসে থাকতে হয় না। ট্রেনিংপ্রাপ্তদের হোটেল ছাড়াও চাকরির সুযোগ আছে — ক্রুজ, এয়ারলাইন্স, রিটেল ক্ষেত্র, কাস্টমার কেয়ার। ভরতির জন্য যোগাযোগ : বিএনজি, ৩২, ডাঃ লালমোহন ভট্টাচার্য রোড, রামলীলা পার্কের বিপরীতে, মৌলালী, কলকাতা-১৪। ফোন : 9830796307/ 9674062259.

## ডি.এল.এড. কোর্সে ভরতি

সংযোজন

গত সপ্তাহের 'কর্মসংস্থানে' ডি.এল.এড. কোর্সে ভরতি সংক্রান্ত যে খবর বেরিয়েছিল ও পশ্চিমবঙ্গের স্বীকৃত ডি.এল.এড. কলেজগুলির যে নাম দেওয়া হয়েছিল, তাতে দক্ষিণ ২৪ পরগনা জেলার 'সোনারগাঁও বিবেকানন্দ ইনস্টিটিউট ফর প্রাইমারি টিচার্স ট্রেনিং' প্রতিষ্ঠানটির স্বীকৃতি থাকা সত্ত্বেও তালিকা থেকে অসাবধানতাবশত বাদ পরে যায়। তাই পাঠক-পাঠিকাদের কাছে আমরা ক্ষমাপ্রার্থী। প্রতিষ্ঠানটির ঠিকানা : তঘরিয়া, নরেন্দ্রপুর স্টেশন রোড, পোঃ আর.কে. পল্লী, দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা - ১৫০।

## বি.এড বিশ্ববিদ্যালয়ে বা, WBUTTEPA'এর অধীন ১৭টি জেলায় স্বীকৃত বি. এড কলেজের তালিকা

পশ্চিমবঙ্গের ১৭টি জেলার সব বি.এড. কলেজগুলিতে ভরতি, পরীক্ষা সংক্রান্ত যাবতীয় পরিচালনার দায়িত্বে আছে বি.এড. বিশ্ববিদ্যালয় বা, দ্য ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ টিচার্স ট্রেনিং, এডুকেশন প্ল্যানিং অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন (WBUTTEPA)'এর অধীনে। এই বিশ্ববিদ্যালয়ের অধীনে যে যে কলেজগুলি আছে, তার নাম ঠিকানা দেওয়া হল। অন্যান্য জেলার বি.এড. কলেজগুলিও আগামী বছর থেকে এই বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকবে।

### আলিপুরদুয়ার জেলা

(1) **ALIPURDUAR ASHUTOSH B.ED COLLEGE,** VILL- KHATOPARA, , DIST- Alipurduar,PIN-736208. (2) **ALIPURDUAR B.ED.TRAINING COLLEGE,** VILL.PAKURITALA, DIST- Alipurduar,PIN-736121. (3) **BAIKUNTHA COLLEGE OF EDUCATION,** VILL- KATHALBARI, PO.-DALIMPUR, PS.- FALAKATA, DIST- Alipurduar,PIN-735211. (4) **EASTERN DOOARS B.ED. TRAINING COLLEGE,** DAKSHINAYAN , DIST- Alipurduar,PIN-736121. (5) **FALAKATA B ED COLLEGE,** SWASTIK BHAWAN, DIST- Alipurduar,PIN-735211. (6) **TECHNO INDIA TEACHERS TRAINING INSTITUTE,** PLOT NO-220, STREET NO-NH- 31, VILL-JAYCHANDPUR,, DIST- Alipurduar,PIN-735211. (7) **TECHNO INDIA TEACHERS TRAINING INSTITUTE,** STREET /ROAD-NH-31, VILLTAPSHIKHATA, POTAPSHIKHATA, DIST Alipurduar,PIN-736121.

### কোচবিহার জেলা

(8) **B L EDUCATIONAL TEACHER'S TRAINING COLLEGE,** VILL-TENGANMARI, DIST- Coochbehar,PIN-736165. (9) **COOCH BEHAR B.ED TRAINING COLLEGE,** VILL.TENGONMARI, DIST- Coochbehar, PIN-736165. (10) **KABIGURU RABINDRA NATH COLLEGE OF EDUCATION,** VILL-GOSAIR HAT BANDAR, DIST- Coochbehar, PIN-736172. (11) **MEKHLIGANJ NETAJI P.T.T.I ADDL.SEC.B.ED,** WARD NO-05, P.O&P.S MEKHLIGANJ, DIST- COOCH. (12) **TUFANGANJ COLLEGE OF EDUCATION (T.C.E),** ANDARAN FULBARI (WEST), DIST- Coochbehar, PIN-736159. (13) **UTTARAYAN COLLEGE OF EDUCATION,** VILLAGE - JATTRAPUR, DIST- Coochbehar, PIN-736165.

### দার্জিলিং জেলা

(14) **PHANSIDEWA PRIMARY TEACHERS TRAINING INSTITUTE,** PLOT NO. 212,216, STREET NO.FULBARI GHOSHPUKUR ROAD, DIST- Darjeeling, PIN734434. (15) **PRAGATI COLLEGE OF EDUCATION,** LUTIA JOTE , P.O. - SALBARI, DAGAPUR, DIST-Darjeeling, PIN- 734002. (16) **SHREE RAMAKRISHNA B.T COLLEGE,** 27 GANDHI ROAD, BAGMARI HOUSE, DIST-Darjeeling, PIN- 734101. (17) **SILIGURI B.ED COLLEGE,** BARAMOHANSINGHJOTE.SIBMA NDIR.P.O.KADAMTALA, DIST- Darjeeling,PIN-734011. (18) **SILIGURI TERAI B.ED COLLEGE,** VILL-DUDHAJOTE , DIST- Darjeeling,PIN-734427. (19) **TRINITY BED COLLEGE,** MILANMORE, DIST- Darjeeling,PIN-734003. (20) **VIDYASAGAR COLLEGE OF EDUCATION,** VILL. RUPANDIGHI, DIST- Darjeeling,PIN-734434.

### দক্ষিণ দিনাজপুর জেলা

(21) **AMINPUR COLLEGE OF EDUCATION,** VILL- NAYAPARA (KATASON), DIST- Daskhin Dinajpur, PIN-733132. (22) **ANP TEACHERSTRAINING B.ED. COLLEGE,** VILL - RAJAPUR, DIST- Daskhin Dinajpur,PIN-733127. (23) **ATRYEE COLLEGE OF EDUCATION,** VILL- UTTAR DANGI P.O- KHIDIRPUR P.S BALURGHAT, DIST- Daskhin Dinajpur, PIN- 733103. (24) **AZAD D.ED TRAINING COLLEGE,** VILL-SAMSIA, DIST-Daskhin Dinajpur,PIN-733132. (25) **BALIPUKUR TEACHER'S TRAINING COLLEGE,** VILL- BALIPUKUR, DIST-Daskhin Dinajpur,PIN-733124. (26) **BALURGHAT B.ED. COLLEGE,** MANGALPUR, DIST- Daskhin Dinajpur,PIN-733101. (27) **BANGARH SCHOLAR TEACHERS TRAINING INSTITUTE,** VILL & P.O- BOLLA, DIST- Daskhin Dinajpur,PIN-733158. (28) **BIDYESWARI TEACHERS TRAINING COLLEGE,** VILL.- DAFARPUR, DIST-Daskhin Dinajpur,PIN-733124. (29) **BUNIADPUR TEACHERS TRAINING COLLEGE,** VILL-SARAI, DIST-Daskhin Dinajpur,PIN-733121. (30) **CENTRE FOR TEACHERS TRAINING & RESEARCH INSTITUTE,** UDAIL, GOBINDAPUR, KUMARGANJ, DIST-Daskhin Dinajpur,PIN-733133. (31) **DAKSHIN DINAJPUR B.ED COLLEGE,** VILL & P.O- FULBARI, P.S- GANGARAMPUR, DIST- Daskhin Dinajpur,PIN-733140. (32) **EDUCITY COLLEGE OF EDUCATION,** VILL- KUSHMANDI, DIST- Daskhin Dinajpur, PIN-733132. (33) **FUNDAMENTAL INSTITUTE OF TEACHERS TRAINING,** VILL- BARAHARA (DHITOLHAT), P.O.-BANSHIHARI, P.S. GANGARAMPUR, DISTD/DINAJPUR WB 733121, DIST- Daskhin Dinajpur, PIN-733121.

☞ এরপর ৮ পাতায়

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## হিন্দুস্তান অ্যারোনটিক্সে অ্যাপ্রেন্টিস

হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেডের অ্যাভোনিক্স ডিভিশন 'ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' হিসাবে কিছু লোক নিচ্ছে।

ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, সিভিল, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স বা, লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। এবছরের পরীক্ষার্থীরা আবেদনের যোগ্য নন। বয়স হতে হবে ৫-৭-২০১৮'র হিসাবে ২৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in তারপর দরখাস্ত ই-মেল করতে হবে ৫ জুলাইয়ের মধ্যে, এই মেল আই.ডি.'তে : tti.korwa@hal-india.com

মনোনীত প্রার্থীদের তালিকা বেরোবে ১০ আগস্ট। সার্টিফিকেট ভেরিফিকেশন হবে ১৩ থেকে ২৮ আগস্ট। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.hal-india.com


**B.Ed. & D.El.Ed-এ ভর্তি চলছে**
২০১৮-২০২০ শিক্ষাবর্ষ
হাওড়া জেলার সর্বশ্রেষ্ঠ পরিকাঠামোযুক্ত
**HERITAGE COLLEGE OF EDUCATION**
Rabibhag :: Bagnan :: Howrah
বিগত বর্ষে ১০০% প্রথম শ্রেণিতে উত্তীর্ণ
9051729961, 7908188071, 9564948953
www.bagnanheritagecollege.com
E-mail : bagnanheritage@gmail.com

**NETAJI SUBHAS OPEN UNIVERSITY**
Admission on : Job Skill Professional Courses
*Govt. & UGC Recognised*
1. Diploma / Adv. in Tailoring & Dress Designing
2. Diploma in Fire Safety & Security Management
3. Diploma in Pre-Primary Teachers Education-Montessori
4. Diploma in Yoga Education 5. e-Accounting & Tax (GST)
6. PG Diploma in Modern Office Management
**PRANAVANANDA INSTITUTE OF MANAGEMENT & TECHNOLOGY (BHARAT SEVASHRAM SANGHA)**
Kolkata : 9331256934, Diamond Harbour : 8420254724, Bardhaman : 9679711007, Hridaypur : 8334079669, Raigunj : 9609643775
Helpline : 9830216056 / 9331256934, www.pimtonline.com

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম
(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)
FMCG Distributor Salesman | Banking Business Correspondent
21 July, 2018
CMI Learning & Development Private Limited

**Greater Kolkata College of Engineering and Management (JV)**
Accreditations, Affiliations & Approvals (as applicable)
AICTE | MAKAUT | WBSCT&VE&SD

# ADMISSIONS OPEN 2018

For admission related queries, visit our college campus or log on to www.gkcem.ac.in

**Courses: B.Tech | B.Tech (Lateral) | Diploma Engineering**


**B.TECH**
Civil Engineering | Mechanical Engineering | Electronics and Communication Engineering
Computer Science and Engineering | Electrical Engineering
Eligibility criteria for admission in B.Tech
1. Any valid rank in WBJEE / JEE (Main)
2. Pass marks in all subjects in 10+2 examination. Average 45% marks (40% for reserved candidate) in Physics, Mathematics and Chemistry / Biology / Computer Science in 10+2 examination

**B.TECH (Lateral)**
Eligibility criteria for admission in B.Tech Lateral Entry (2nd year)
1. Any valid rank in JELET, or
2. Diploma pass with 45% marks in aggregate, or
3. Graduate with mathematics as a subject with 45% marks

- Upto 50% Scholarship for deserving candidates
- Excellent Placement Performance
- In-Campus Hostel Facility

**DIPLOMA ENGINEERING**
- Electronics and Telecommunication Engineering
- Electrical Engineering

Eligibility criteria for admission in Diploma
1. Any JEXPO rank with 35% marks overall, or
2. 10th standard with average 45% marks in Physical Science and Mathematics



90736 83914
90736 83915
Campus Address: Baruipur (Near Fultala), Kolkata – 700 144, West Bengal
P : 033 2433 7568 | E: admission.gkcem@jisgroup.org

**হোটেল ও বিদেশী জাহাজে চাকরীর শেষ ঠিকানা**  **হস্‌পিটাল ও করপোরেটে চাকরীর শেষ ঠিকানা**



Anee @ Hilton Sydney, Australia | Raghunath Maity @ Abudhabi National Hotels | Manjusree Majumder @ The Westin Kolkata
Since 2003
Sovon Kuila @ Carnival Cruise Lines | Barun @ Swissotel | Nabarun @ Carnival



Sunandita @ Naryana Hospital | Suravi Kumari Paswan @ Columbiasia Hospital Kolkata | Sandip Parui @ Kothari Medical Centre
Rohit @ GEAV Technologies Delhi | Subhajit Adhya @ Columbiasia Pune | Anwesa Das @ Columbiasia Hospitals

**HOTEL MANAGEMENT**
(DHM/BHM/MHM)
**CRUISELINE MANAGEMENT**

গান্ধী ইন্সটিটিউট দেশে ও বিদেশে বিভিন্ন পাঁচতারা হোটেলে (Oberoy, Taj, Hilton, ITC, Raddission, Hyatt....etc.) ও বিলাসবহুল যাত্রীবাহী জাহাজে (Carnival, P&O, Royal Carribean, Canard....etc.) চাকরী দিয়ে এক অনন্য নজির সৃষ্টি করেছে। হোটেলের ক্ষেত্রে ভারতবর্ষে বেতন শুরু হয় ১৫০০০–১৮০০০ টাকা ও বিদেশে ৩০০০০ টাকা। জাহাজের ক্ষেত্রে তাহা ৭০০–৯০০ ডলার। প্রশিক্ষণ, জব ট্রেনিং ও চাকরীর লিখিত বন্ড দেওয়া হয়।

**HOSPITAL MANAGEMENT**
(DHM/BHM/MHM)
**BBA / MBA**
(HR/Marketing/Finance)

গান্ধী ইনস্টিটিউট বিভিন্ন হাসপাতালে ও মাল্টিন্যাশনাল কম্পানিতে চাকরী দিয়ে থাকে। গ্রাম ও শহরতলীর ছেলেমেয়েদের আজকের দিনে প্রশিক্ষণ ও জব্ ট্রেনিং-এর দ্বারা দেশে ও বিদেশে ১২০০০–২৫০০০ টাকা বেতনের চাকরী করিয়ে দেওয়া হয়।

Job Guarantee

**গান্ধী ইনস্টিটিউট**
এজি-৭, বৈশাখী আইল্যান্ড, সল্ট লেক • Ph : 84799 13243

Skill India | Incredible India

## ৬৭ আশা কর্মী

১ পাতার পর


মাধ্যমিক পাশ বা, মাধ্যমিকে অকৃতকার্য বিবাহিতা, বিধবা বা, বিবাহবিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারেন। উচ্চশিক্ষাগত যোগ্যতার মহিলারা মাধ্যমিকের সার্টিফিকেট দিয়ে দরখাস্ত করতে পারবেন। বয়স হতে হবে ১-১-২০১৮'এর হিসাবে সাধারণ প্রার্থীদের বেলায় ৩০ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলী উপজাতিদের বেলায় বয়স হতে হবে ২২থেকে ৪০ বছরের মধ্যে। প্রার্থীকে সংশ্লিষ্ট গ্রাম ও উপস্বাস্থ্য কেন্দ্রের স্থায়ী বাসিন্দা হতে হবে। শূন্যপদ : রায়গঞ্জ মহকুমা শাসকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েত অফিসে ৪ ৪টি, হেমতাবাদ মহকুমা শাসকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েত অফিসে ৯টি, ইটাহার মহকুমা শাসকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েত অফিসে ১০টি, কালিয়াগঞ্জ মহকুমা শাসকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েত অফিসে ৬টি। কোন ব্লকে ক'টি শূন্যপদ তা ব্লক অফিস থেকে পাবেন।

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নিচের বয়ানে। দরখাস্তের বয়ান-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.uttardinajpur.nic.in

তখন সঙ্গে দেবেন : (১) মাধ্যমিক পাশ, অকৃতকার্য মার্কশীটের প্রত্যয়িত নকল, (২) ভোটার কার্ড ও রেশন কার্ডের প্রত্যয়িত নকল, (৩) তপশিলীরা দেবেন কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৪) বিবাহিতা, বিধবা বা, বিবাহ-বিচ্ছিন্নরা দেবেন যথাযথ প্রমাণপত্রের প্রত্যয়িত নকল, (৫) নিজের নাম-ঠিকানা লেখা ও ৫ টাকার ডাকটিকিট সাঁটা ১টি খাম, (৬) এখনকার তোলা ৩ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও ২ কপি দরখাস্তের সঙ্গে গেঁথে)। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১ ২জুলাই। দরখাস্ত জমা দেবেন সংশ্লিষ্ট ব্লকের বি.ডি.ও. অফিসে। দরখাস্ত -ভরা খামের ওপর ঠিকানা লিখবেন এইভাবে : '

Application for the post of ASHA'

To
The Member Secretary, ASHA Selection Committee, Raiganj Sadar Sub-Division,
Office of the Block Development Officer, .............................. Block,
P.O.........................................
Dist. Uttar Dinajpur,
Pin-............







## নদিয়া জেলায় ৫০

১ পাতার পর

এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট-সহ) ৬ মাসের ট্রেনিং নিয়ে থাকলে ভালো হয়। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা। শূন্যপদ : ৫০টি (জেনাঃ ১৩, জেনাঃ ই.সি. ৮, জেনাঃ প্রাঃসঃকঃ ২, জেনাঃ মেধাবী খেলোয়াড় ২, জেনাঃ প্রতিবন্ধী ২, তঃজাঃ ৮, তঃজাঃ ই.সি. ৩, তঃউঃজাঃ ২, তঃউঃজাঃ ই.সি. ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ৩, ও.বি.সি. -এ ক্যাটেগরি ই.সি. ২, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৩, ও.বি.সি. - বি ক্যাটেগরি ই.সি. ১)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০১৮'র হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 1008 / P&BD/DLSC, Date: 21/06/2018.

প্রার্থী বাছাই করবে জেলা শাসকের অফিস। এই পদের বেলায় এজন্য প্রথমে ৮৫ নম্বরের লিখিত পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) ইংলিশ ২৫ নম্বর, (২) বাংলা -২৫ নম্বর, (৩) অ্যারিথমেটিক -২৫ নম্বর, (৪) জেনারেল নলেজ - ১০ নম্বর। সফল হলে ১০ নম্বরের ভাইভা টেস্ট। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষায় সফল হলে মোট শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৯ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.nadia.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আইডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন ইউনিক রেজিস্ট্রেশন নম্বর পাবেন যা, প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।




| Name of Examination | Date of Notification |
|---|---|
| AFCAT 02/2018 | 16 June 2018 |
| N.D.A. & N.A. Examination (II), 2018 | 06 June 2018 |
| C.D.S. Examination (II), 2018 | 08 August 2018 |
| AFCAT 01/2019 | 01 December 2018 |

*Disclaimer : The contents of the advertisement are guidelines only and are subject to change without notice.*

**'DISHA Cell', Air Headquarters,**
Vayu Bhawan, Motilal Nehru Marg, New Delhi-110106,
Tel: 011-23013690, Toll Free No.: 1800-11-2448

davp 10801/13/0010/1819

Website: https://careerindianairforce.cdac.in For updates follow us on: IndianAirForce iaf_mcc IndianAirForce_mcc http://www.youtube.com/c/publicityCellDISHA